



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
www.btrc.gov.bd



## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ ২০২৩ সালের জন্য (24<sup>th</sup> SATRC) দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক কাউন্সিলের চেয়ারম্যান নির্বাচিত

ঢাকা, ৩ নভেম্বর ২০২১:

এশিয়া-প্যাসিফিক টেলিকমিউনিটি (APT) এর তত্ত্বাবধানে দক্ষিণ এশিয়ার টেলিযোগাযোগ নিয়ন্ত্রক কাউন্সিল (SATRC) এর ২২তম সভা ১-৩ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় SATRC-ভুক্ত ৯টি দেশ যথাক্রমে-বাংলাদেশ, ভুটান, ভারত, শ্রীলঙ্কা, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান, আফগানিস্তান, ইরান-এর টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থার প্রধানগণ, বিভিন্ন পর্যায়ের সরকারি-বেসরকারি কর্মকর্তা এবং APT-এর সেক্রেটারি জেনারেল ও উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। তিন দিনব্যাপী ভারুয়াল মাধ্যমে অনুষ্ঠিত সভার বিভিন্ন সেশনে বাংলাদেশের পক্ষে বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার-এর নেতৃত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার SATRC Action Plan Phase VII, ২০২১-২০২৩ মেয়াদের জন্য APT'র Strategic Plan এবং ২০২২-২৩ বর্ষের জন্য গৃহীত SATRC Action Plan Phase VIII বিষয়ে উদ্বোধনী অনুষ্ঠানে ও Regulators' Roundtable-এ নীতিনির্ধারণী বক্তব্য প্রদান করেন।

কাউন্সিল এর দ্বিতীয় দিন SATRC এর ভবিষ্যত কার্যক্রম নির্ধারণে অনুষ্ঠিত Head of Regulators' Meeting-এ আগামী ২০২৩ সালের South Asian Telecommunication Regulators' Council (SATRC-23) সভা বাংলাদেশে অনুষ্ঠিত হওয়াসহ বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার-কে বর্তমান মেয়োদে SATRC-এর ভাইস-চেয়ারম্যান এবং ২০২৩ মেয়োদে SATRC এর চেয়ারম্যান নির্বাচিত করা হয়।


এছাড়া উক্ত সভায় ২০২২ সালে SATRC - Working Group on Policy, Regulation and Services এর সভা বাংলাদেশে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ এই Working Group এ পুনরায় ভাইস-চেয়ারম্যান নির্বাচিত হয়।

দক্ষিণ এশিয়ার টেলিযোগাযোগ নিয়ন্ত্রক কাউন্সিল (SATRC)-তে বাংলাদেশের চেয়ারম্যান নির্বাচিত হওয়া, কাউন্সিলভুক্ত দেশসমূহের মধ্যে বাংলাদেশে Digitalization তথা টেলিযোগাযোগ খাতে যে প্রভূত উন্নয়ন সাধিত হয়েছে তারই স্বীকৃতি।

### প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)  
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;  
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;  
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;  
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৫। অফিস কপি।

অনুরোধক্রমে

  
০৬/১১/২১  
মোঃ জাকির হোসেন খান  
উপ-পরিচালক

মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইং  
বিটিআরসি  
যোগাযোগঃ ০১৫৫২২০২৮৪০  
zakirkhan@btrc.gov.bd